# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- দ্বিতীয়

## বিষয়- মহান ব্যক্তি (রবীন্দ্রনাথ ঠাকুর)

১)মহান ব্যক্তি বলতে কাদের বোঝায়?
উ:-যে সকল ব্যক্তির চিন্তাভাবনা ও কাজকর্ম দেশের ও দেশের মানুষের মঙ্গলসাধন করে তাঁরাই মহান ব্যক্তি।তাঁরা দেশের ও দেশের মানুষের মঙ্গলের জন্য প্রাণ ত্যাগ করতেও দ্বিধা করেন না।
২) তোমার জানা কয়েকজন মহান ব্যক্তির নাম লেখো। (নিজে লেখো)
৩)এমন কোন একজন মহান ব্যক্তি যিনি বিশ্বকবি ও কবিগুরু নামে সকলের কাছে পরিচিত?
উ:-রবীন্দ্রনাথ ঠাকুর এমন একজন মহান ব্যক্তি যিনি বিশ্বকবি ও কবিগুরু নামে সকলের কাছে পরিচিত।
৪)কত সালের কত তারিখে কোথায় রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম হয়?
উ:- ১২৬৮ সালের ২৫শে বৈশাখ কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম হয়।
৫)রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা ও মাতার নাম কী?
উ:-রবীন্দ্রনাথ ঠাকুরের পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও মাতার নাম সারদা দেবী।
৬)রবীন্দ্রনাথ ঠাকুরের ডাক নাম কী ছিল?
উ:-রবীন্দ্রনাথ ঠাকুরের ডাক নাম ছিল রবি।
৭)রবীন্দ্রনাথ ঠাকুর কেন জগৎবিখ্যাত ছিলেন?
উ:- রবীন্দ্রনাথ ঠাকুর প্রথম বাঙালি যিনি ১৯১৩ সালে গীতাঞ্জলি কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য নোবেল পুরস্কার পেয়েছিলেন। তাই তিনি জগৎবিখ্যাত হয়েছিলেন।
৮)রবীন্দ্রনাথ ঠাকুর কী কারণে বিখ্যাত?
উ:-রবীন্দ্রনাথ ঠাকুর ছোটোবেলা থেকেই ছড়া, কবিতা লেখা শুরু করেন। তিনি ছিলেন বিশ্ববিখ্যাত কবি ও লেখক। তিনি অজস্র গল্প, কবিতা, প্রবন্ধ, উপন্যাস রচনা করেছেন। তাই তিনি সকলের কাছে বিশ্বকবি ও কবিগুরু নামে বিখ্যাত।
৯)কত সালের কত তারিখে রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু হয়?
উ:-১৩৪৮সালের ২২শে শ্রাবণ রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু হয়।

## মহান ব্যক্তি (শ্রীসুভাষচন্দ্র বসু)

১)মহান ব্যক্তি কাদের বলা হয়?(নিজে লেখো)

২)তোমার জানা একজন এমন মহান ব্যক্তির নাম লেখো যিনি বিশ্বকবি ও কবিগুরু নামে পরিচিত?(নিজে লেখো)

৩)এমন কোন মহান ব্যক্তি যিনি নেতাজি নামে সকলের কাছে পরিচিত?

উঃ- শ্রী সুভাষচন্দ্র বসু এমন একজন মহান ব্যক্তি যিনি নেতাজি নামে সকলের কাছে পরিচিত।

৪)কত সালের কত তারিখে কোথায় সুভাষচন্দ্র বসু জন্মগ্রহণ করেন?

উঃ-১৮৯৭ সালের ২৩শে জানুয়ারী উড়িষ্যার কটক শহরে জন্মগ্রহণ করেন।

৫)সুভাষচন্দ্র বসুর পিতা ও মাতার নাম কী ছিল?

উঃ-সুভাষচন্দ্র বসুর পিতার নাম ছিল শ্রী জানকীনাথ বসু ও মাতার নাম ছিল প্রভাবতী দেবী।

৬)সুভাষচন্দ্রের ডাক নাম কী ছিল?

উঃ- সুভাষচন্দ্রের ডাক নাম ছিল সুবি।

৭)শ্রী সুভাষচন্দ্র বসু সকলের কাছে কেন এত বিখ্যাত?

উঃ-শ্রী সুভাষচন্দ্র বসু ছিলেন একজন মহান দেশপ্রেমিক। ভারতবর্ষ যখন ইংরেজদের অধীনে ছিল তখন দেশকে স্বাধীন করার জন্য তিনি অক্লান্ত পরিশ্রম ও মরণপণ লড়াই করেছিলেন। তাই তিনি সকলের কাছে এত বিখ্যাত।

৮)সুভাষচন্দ্র বসুর মৃত্যুসাল ও তারিখ নিয়ে নানা মতবাদ আছে তাই তা আমাদের কাছে অজানা।

বি:দ্র:

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRAI